মেহেরপুরে পুলিশের অভিযানে ৮ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৮ জন আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে ৬ আসামি ও গাংনী থানা পুলিশের অভিযানে ২ জন গ্রেফতার হন। শনিবার (২৬ নভেম্বর) দুপুর থেকে আজ রবিবার (২৭ নভেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন গ্রামে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এসব আসামি গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন। পুলিশের একাধিক টিম এই গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে পৃথক দুটি চুরির মামলায় ৫ জন ও মাদক মামলার ১ আসামি এবং গাংনী থানা পুলিশের অভিয়ানে ডাকাতি মামলায় ১ ও নিয়মিত মামলায় ১ জন আসামি রয়েছে।

গ্রেফতারকৃতদের আজ রবিবার (২৭ নভেম্বর) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

আলমডাঙ্গায় এক রুমে ৫ অপারেশন থিয়েটার, সিলগালা

আলমডাঙ্গার মডার্ণ ডেন্টাল সার্জারীর একই রুমে ৫টি অপারেশন থিয়েটার থাকায় অনির্দিষ্টকালের জন্য সিলগালা করেছে উপজেলা প্রশাসন। (২৬ নভেম্বর) শনিবার বিকেল ৫ টায় আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযান সূত্রে জানাযায়, আলমডাঙ্গা পৌর এলাকার দারুস সালাম

প্রাঙ্গণের কলেজ মোড়ে অবস্থিত মডার্ণ ডেন্টাল সার্জারী । দীর্ঘদিন যাবৎ মডার্ন ডেন্টাল সার্জারীর চেম্বারে চিকিৎসা সেবা দিচ্ছে ঢাকা ডেন্টাল মেডিকেল হসপিটালের ওরাল এন্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারি বিভাগের সহকারী অধ্যাপক ডা. আব্দুল হান্নান।

গত (২৪ শে নভেম্বর) বৃহস্পতিবার রাতে উপজেলার পাইকপাড়া গ্রামের ব্যাংক কর্মচারীর চিকিৎসার অব্যবস্থাপনার কারণে মৃত্যুর অভিযোগ ওঠে। এমন অভিযোগের ভিত্তিতে আলমডাঙ্গা উপজেলা প্রশাসন ও জেলা সিভিল সার্জনের প্রতিনিধি ওই প্রতিষ্ঠানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এসময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর, জেলা সিভিল সার্জনের প্রতিনিধি চুয়াডাঙ্গা সদর প.প. কর্মকর্তা ডা. আউলিয়ার রহমান, আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প.প. কর্মকর্তা হাদি জিয়াউদ্দিন আহমেদ।

অভিযান পরিচালনার সময় এক রুমে ৫টি অপারেশন থিয়েটার থাকার অপরাধে অনির্দিষ্টকালের জন্য অপারেশন থিয়েটার সিলগালা করেছে উপজেলা প্রশাসন।

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক হারুন অর রশিদ আর নেই

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক খন্দকার হারুন অর রশিদ (৮০) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ রবিবার সকাল পোনে ৯টার দিকে মেহেরপুর শহরের শাহজী পাড়াস্থ নিজ বাসভবনে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন।

হারুন অর রশিদ মেহেরপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নবনির্বাচিত সাধারণ সম্পাদক অ্যাড. খন্দকার ইমতিয়াজ হারুন জুয়েলের পিতা।

দামুড়হুদায় জাগ্রত জনতার বর্ষপূর্তি পালন

দামুড়হুদা উপজেলা সদরের মানবতার সেবাই “জাগ্রত জনতার” এক বছর পূর্তি উপলক্ষ্যে কেক কেটে জন্মদিন পালন করা হয়। গতকাল রাত সাড়ে ১০টার দিকে দামুড়হুদা মডেল থানায় অনুষ্ঠিত হয়।

জানা যায় নিজ উদ্দ্যগে সমাজের তৃণমূল পর্যায়ের মানুষের উপকার করার জন্য জাগ্রত জনতা নামে সংগঠন প্রতিষ্ঠা করেন দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ছোট দুধপাথিলার মৃত মাওলানা জালাল উদ্দীন এর বড় সন্তান ফারইষ্ট ইসলামী লাইফ ইন্সুইরেন্স কোম্পানী লিমিটেড এর চুয়াডাঙ্গা জোনাল ম্যানেজার এবং ব্রাকের কৃত্রিম প্রজনন কর্মী এআইএসপি জাহাঙ্গীর আলম। অত্র সংগঠনের এক বছর পূর্তি উপলক্ষ্যে দামুড়হুদা মডেল থানায় কেক কেটে সংগঠনের জন্মদিন পালন করা হয়।

জাগ্রত জনতার প্রধান জাহাঙ্গীর আলম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সিঃ সহ সভাপতি মোজাম্মেল শিশির, এসআই আসাদুজ্জামান, দৈনিক মাথাভাঙ্গার দামুড়হুদা প্রতিনিধি মিরাজুল ইসলাম মিরাজ, দৈনিক পশ্চিমাঞ্চল প্রত্রিকার দামুড়হুদা প্রতিনিধি আরিফুল ইসলাম মিলন, দৈনিক মেহেরপুর প্রতিদিন প্রত্রিকার দামুড়হুদা প্রতিনিধি রকিবুল হাসান তোতা, সাগর আহাম্মেদ ও আলামিন হোসেন।

এসময় প্রধান অতিথি বলেন, সমাজের অনেক উচ্চবিত্ত মানুষ আছে কিন্তু মানবতার সেবায় সবাই কাজ করতে পারেনা। তৃণমূল মানুষের পাশে থেকে কাজ করার জন্য তাকে ধন্যবাদ দেন।

অনলাইন জুয়ার হোতা ময়না মেম্বরের সাব এজেন্ট শিমুল গ্রেফতার

অনলাইন জুয়ার দূর্গ মুজিবনগরের কোমরপুরে অভিযান চালিয়ে মহাজনপুর ইউনিয়ন পরিষদের সদস্য ময়না মেম্বারের সাব এজেন্ট জিহাদ আলী ওরফে শিমুল (১৯) কে গ্রেফতার করেছে পুলিশ।

শুক্রবার রাত ১২ টার দিকে মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল ও মেহেরপুর সাইবার ক্রাইম অপরাধ বিভাগের এস আই এস এম মনিরুজ্জামান মিলনের নেতৃত্বে পুলিশের একটি টিম কোমরপুর গ্রামে জিহাদ আলীর বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত জিহাদ আলী গ্রামের মনিরুল ইসলামের ছেলে। তাকে ২৫ আগস্টের বদরুদ্দোজা ওরফে রয়েলের ১১ নম্বর মামলার আসামি দেখানো হয়েছে।

শিমুল একাধারে ময়না মেম্বরের পাশাপাশি মেহেরপুরিয়ান সপের মালিক মাসুদ, রুবেল, নাসির শাহ ও মহাজনপুরের হেলালের সাব এজেন্ট হিসেবেও কাজ করতো।

গতকাল শনিবার বিকালে মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে হাজির করা হলে বিচারক এস এম শরিয়ত উল্লাহ ১৬৪ ধারায় জবানবন্দী গ্রহণ করেন। জিহাদ আলী প্রথমে ময়না মেম্বার, মাসুদ ও রুবেলের সাব এজেন্ট পরিচালনা করতো এবং পরে গোপালপুরের নাসির শাহ এবং মহাজনপুরের হেলালের সাব এজেন্ট হিসেবে মাসিক বেতনে কাজ করতো বলে আদালতে স্বীকারোক্তি দিয়েছে।
এদিকে পুলিশ জানায়, জিহাদ আলী ওরফে শিমুলের কাছে থেকে একটি রেডমি নোট টেন এস ব্যাণ্ডের মোবাইল ফোন উদ্ধার করা হয়। যে মোবাইলে ০১৮৩২-৫৩০৯১৫ ও ০১৯৮৮-২৩২৯৯৫ নম্বরের দুটি সিম ছিলো। মোবাইলে অনলাইন জুয়া পরিচালনাকারী রেড্ডি অ্যাপসে সাব এজেন্ট ৮৪৪২ এ ৮লাখ ৬৮৮৫৯ টাকা ব্যালেন্স ছিলো। অনলাইন জুয়ার চ্যানেল ফাজনাত নগদ এ ৬ লাখ ৬৮ হাজার৬৩৬ টাকা, ফাজনাত উপায় এ ৮লাখ ৭হাজার ৯০৩ টাকা ব্যালেন্স পাওয়া যায়। এসময় আসামী শিমুলকে জিজ্ঞাসাবাদ করা হলে সে

জানায়, সে দীর্ঘদিন ধরে অনলাইন জুয়ার চ্যানেল মালিক কোমরপুর গ্রামের আনছার মেম্বারের ছেলে বর্তমান মেম্বও ময়নদ্দিন ওরফে ময়না মেম্বার, বলিয়ারপুর গ্রামের মুনসুর আলীর ছেলে মো: মাসুদ, কোমরপুর গ্রামের আনারুলের ছেলে রুবেলের চ্যানেলের সাব এজেন্ট হিসেবে কাজ করতো। পরবর্তিতে পুলিশের অভিযান শুরু হলে তাদের কাজ বন্ধ করে দেয়। পরবর্তিতে গোপালপুর গ্রামের শহিদুল ইসলামের ছেলে নাসির শাহ ও মহাজনপুর গ্রামের আব্দুস সাত্তার বাটুলের ছেলে হেলালের ওয়ান এক্স বেটের সাব এজেন্ট হিসেবে বেতনভুক্ত হয়ে কাজ করতো এবং মাসিক ১৫ হাজার টাকা বেতন পেতো। বর্তমানে ওয়ান এক্স বেটের ফাজনাত বিকাশ, ফাজনাত উপায় ও ফাজনাত নগদ নামে তিনটি অনলাইন জুয়ার সাব এজেন্ট পরিচালনা করছিলো।

পুুলিশ আরো জানায়, জিহাদ আলী ব্যবহৃত সাব এজেন্টের সিমগুলো ভুয়া জাতীয় পরিচয় পত্র তৈরি করে রাজশাহী, চাপাইনবাবগঞ্জ, কিশোরগঞ্জ, রংপুরসহ কয়েকটি জেলার নাম দিয়ে বিকাশ/উপায়/নগদ এজেন্ট সিম সংগ্রহ করে অনলাইন জুয়ার কার্যক্রম পরিচালনা করে আসছিলো।

অনুসন্ধানে জানা গেছে, বাংলাদেশ ব্যাংকের অনুমতি ব্যতিত অবৈধ ই ট্রানজেকশনের মাধ্যমে রাশিয়ান অনলাইন জুয়া সাইট ওয়ান এক্স বেট ও মেলবেটের মাধ্যমে বাংলাদেশ কোটি কোটি টাকা পাচার করছেন অনলাইন জুয়ার সাথে জড়িতরা। আর এ কাজে সহযোগীতা করছেন মোবাইল ব্যাংকিং বিকাশ, নগদ, রকেট, উপায় এর সাথে সেলস প্রতিনিধিরা। তারা মোটা টাকার বিনিময়ে জাল পরিচয়পত্র তৈরি করে অনলাইন জুয়ার এজেন্টের এজেন্ট সিম সরবরাহ করছেন।

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর, মহাজনপুর, গোপালপুর, সদরের টুঙ্গী, মেহেরপুর শহর, গাংনীর গাড়াডোবসহ বেশ কয়েকটি গ্রামে অনলাইন জুয়ার দূর্গ গড়ে উঠেছে। এসব দূর্গে পুলিশ হানা দিয়ে এ পর্যন্ত ২৭ জনকে গ্রেফতার করেছে। পুলিশের অভিযানের পাশাপাশি মেহেরপুর প্রতিদিনও ধারাবাহিকভাবে অনলাইন জুয়ার আদ্যপান্ত নিয়ে সংবাদ প্রকাশ করে আসছে। ফলে অনলাইন জুয়ার সাথে জড়িতরা একরকম কোনঠাসা হয়ে পড়েছে। গ্রেফতার এড়াতে অনেকেই আত্মগোপনে রয়েছেন, অনেকেই রাজনৈতিক নেতাদের আশ্রয়ে রয়েছেন। অনুসন্ধানে জানা গেছে, মেহেরপুর জেলা থেকে দুই শতাধিক এজেন্ট অনলাইন জুয়া সাইটের মাধ্যমে রাশিয়াসহ দেশের বিভিন্ন স্থানে পাচার করছেন শত শত কোটি টাকা। আর এই অনলাইন জুয়ার সাথে জড়িত মেহেরপুরের সরকার দলীয় কয়েকজন শীর্ষস্থানীয় রাজনৈতিক নেতা,

মুজিবনগরের প্রভাবশালী একজনপ্রতিনিধি, একজন ইউপি সদস্য, সরকার সমর্থিত ছাত্র সংগঠনের কয়েকজন শীর্ষ নেতা, স্কুল ও কলেজের কয়েকজন শিক্ষক, ব্যবসায়ী ও বিভিন্ন শ্রেনীর প্রায় দুই শতাধিক ব্যক্তি।

কিছু রাজনৈতিক নেতা এবং কয়েকজন সাংবাদিক নিয়মিত মাসোহারা নিতেন অনলাইন জুয়ার সাথে জড়িতদের কাছে থেকে। তাদের মাসোহারা দিয়ে দেদারছে জুয়া খেলে কোটিপতি বনে গিয়েছেন এসব এজেন্টরা। আর পথে বসছেন হাজার হাজার তরুণসহ জুয়া খেলার জড়িত ব্যক্তিরা। মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানীতে এসব তথ্য পাওয়া গেছে। সামাজিক মর্যাদার কারণে ক্ষতিগ্রস্থদের নাম পরিচয় দেওয়া হলো না। তবে মেহেরপুর প্রতিদিনে ধারাবাহিকভাবে এসকল অনুসন্ধানী সংবাদ প্রকাশ হলে মাসোহারা বন্ধ হয়ে যায়। ফলে যারা মাসোহারা নিতেন তাদেরও দুর্দিন যাচ্ছে। কোন রাজনৈতিক নেতা, কোন সাংবাদিক কতটাকা মাসোহারা নিয়েছেন তা মেহেরপুর প্রতিদিনের বিভিন্ন সংবাদে উঠে এসেছে। ক্রমান্বয়ে আরো উঠে আসবে।

অনলাইন জুয়ার সকল সংবাদ পড়ুন নিচের লিঙ্কগুলোতে

অনলাইন জুয়ার আরেক হোতা রাজন স্বর্ণকার আটক

এবার মেহেরপুর শহর থেকে আটক অনলাইন জুয়ার আরও চার এজেন্ট

মেহেরপুরে অনলাইন জুয়ার আরো চার হোতা আটক

মেহেরপুরে অনলাইন জুয়ার আরেক মাস্টারমাইণ্ড সজিব আটক

অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট শামিম কারাগারে

মেহেরপুরে অনলাইন জুয়ার আরও এক মাস্টার এজেন্ট পলাশ

অনলাইন জুয়ার এজেন্ট শামিমকে নিম্ম আদালতে আত্মসমর্পণের নির্দেশ

মেহেরপুরের অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট শামিম অধরা

মেহেরপুরে অনলাইন জুয়ার আরেক এজেন্ট সাদ্দাম আটক

অনলাইন জুয়ার হোতা নুরুল ও জামানকে শোকজ

ধরাছোঁয়ার বাইরে অনলাইন জুয়ার অন্যতম চার হোতা মুকুল-জামান-নুরুল-মাদার

মেহেরপুরে অনলাইন জুয়ার মাস্টারমাইণ্ড প্রসেনজিৎ সহযোগীসহ আটক

মেহেরপুরে অনলাইন জুয়ার দূর্গে হানা

ঝিনাইদহে গৃহবধূর রহস্যজনক ঝুলন্ত মরদেহ উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরে রেহেনা খাতুন (২৮) নামে এক গৃহবধূর রহস্যজনক ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

শনিবার সকালে পৌর শহরের রেলস্টেশন এলাকার রেলওয়ে সীমানা প্রাচীর থেকে মরদেহ উদ্ধার করে জিআরপি পুলিশ। প্রাথমিক ভাবে লাশটি অজ্ঞাত অবস্থায় থাকে। পরে পরিবারের লোকজন এসে মরদেহ সনাক্ত করে। এলাকাবাসীর দাবী তাকে হত্যা করে মরদেহটি ঝুলিয়ে রাখা হয়েছে। দুই সন্তানের জননী নিহত গৃহবধূ পৌর এলাকার রুদ্রপুর গ্রামের বিশারত আলীর স্ত্রী এবং উপজেলার বলুহর ইউনিয়নের কাগমারী গ্রামের নাজিম উদ্দিনের একমাত্র মেয়ে।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানাযায়, সকালে এলাকার লোকজন রেলস্টেশন এলাকার রেলওয়ে সীমানা প্রাচীরের লোহার রডে মরদেহ ঝুলতে দেখে পুলিশে খবর দেয়। পুলিশ খবর পেয়ে ঘটনাস্থল থেকে মৃতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য সদর হাসপাতালে পাঠায়।

নিহতের ছেলে পলাশ জানায়, আমি নানা বাড়ি থেকে পড়াশুনা করি। শুক্রবার রাত ১০ টার দিকে জানতে পারি মা কে খুঁজে পাওয়া যাচ্ছে না। সকালে খবর পায় মায়ের ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়েছে। তবে এটি হত্যা নাকি আত্মহত্যা, এ বিষয়ে কিছু বলতে পারেননি নিহতের ছেলে।

কোটচাদপুর থানার ওসি মঈনউদ্দীন জানান, প্রাথমিক ভাবে ধারণা গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে গৃহবধূ। তবে ময়না তদন্তের পূর্বে সঠিকভাবে কোন কিছুই বলা যাবে না বলে জানায় পুলিশ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পাশে খেলতে গিয়ে টিউবওয়েলর পাশে গর্তের পানিতে পড়ে যায়।খোজাখুজি করে গর্তের ভিতর থেকে তুলে সাথে সাথে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে।এ বিষয়ে একটি অপমৃত্যুর অভিযোগ হয়েছে।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি প্রতিনিধি সভা

মেহেরপুর জেলা জাতীয় পার্টি প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে মেহেরপুরের কমিউনিটি সেন্টার এই প্রতিনিধি সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক আব্দুল হাদীর সভাপতিত্বে মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ সুমন পারভেজের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি প্রেসিডিয়াম সদস্য মীর আবদুস সবুর আসুদ।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জাতীয় পার্টি আহ্বায়ক এ্যাড. সোহরাব হোসেন। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটির সদস্য সাইফুল ইসলাম সেলিম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় কৃষক পার্টি কেন্দ্রীয় কমিটি সিনিয়র সহ-সভাপতি হুমায়ন কবির শাওন, জাতীয় মৎস্যজীবী পার্টি কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল বাকী, মেহেরপুর পৌর জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল মান্নান, সদর উপজেলা জাতীয় পার্টি সভাপতি খিলাফত আলী, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টি সভাপতি আরিফ বিল্লাহ, মেহেরপুর পৌর জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ হামিদুল ইসলাম, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক ফারুক মল্লিক, সদর উপজেলা জাতীয় পার্টি সাংগঠনিক সম্পাদক মোঃ খাইরুল বাশার মিঠু, গাংনী পৌরসভা জাতীয় পার্টি আহ্বায়ক

মোঃ আব্দুল্লাহ, গাংনী পৌরসভা জাতীয় পার্টি সদস্য সচিব সাইফুল ইসলাম সহ বিভিন্ন নেতাকর্ম উপস্থিত ছিলেন।

গাংনীতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে অটোচালক নিহত

মটার ঠিক করতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে লাভলু হোসেন (৪০) নামের এক অটো চালক নিহত হয়েছেন।

নিহত লাভলু হোসেন গাংনী উপজেলার শালদহ গ্রামের নওদা মসজিদ পাড়া এলাকার লালু হোসেনের ছেলে। আজ শনিবার (২৬ নভেম্বর) বিকালের এ দুর্ঘটনা ঘটে।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে রায়পুর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড সদস্য (মেম্বর) সারগিদুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, লাভলু হোসেন গোসল করতে গিয়ে পানি না পেয়ে মটার মেরামত করতে যায়। অসাবধানতাবশতঃ বিদ্যুৎস্পৃষ্ট হন। মূমূর্ষ অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক আবির হাসান তাকে মৃত ঘোষণা করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।